

উদ্ভাবনী উদ্যোগের বাস্তবায়ন অগ্রগতি

ক্র: নং	উদ্ভাবনী উদ্যোগের নাম	সময়সীমা			বাস্তবায়ন অগ্রগতি
		পর্যায়	শুরু	শেষ	
০১	মাঝারি, ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য অনলাইন ভিত্তিক ডাটাবেইজ কার্যক্রম (জিআইএস) চালুকরণ।	ক) পাইলটিং পর্যায় (রাজশাহী বিভাগ)	২০১৫	২০১৬ (বাস্তবায়িত)	এটি দেশের সকল মাঝারী, ক্ষুদ্র ও কুটির শিল্পের তথ্য একটি অনলাইন ডাটাবেজে অন্তর্ভুক্তির লক্ষ্যে এটুআই এর সহায়তায় বাস্তবায়নাধীন বিসিক এর উদ্ভাবনী উদ্যোগ। উদ্যোগটির পাইলটিং পর্যায়ে রাজশাহী বিভাগের ৬৩ হাজার শিল্পের তথ্য ডাটাবেজে অন্তর্ভুক্তি ২০১৬ সালের ডিসেম্বর মাসে সফলভাবে সম্পন্ন হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর নির্দেশনায় অবশিষ্ট ৭ বিভাগের শিল্পগুলো এ ডাটাবেজে অন্তর্ভুক্তির মাধ্যমে ডাটাবেজটির পূর্ণাংগতা প্রদানের জন্য স্কেল-আপ পর্যায় বাস্তবায়ন শুরু হয়েছে। চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে রংপুর ও সিলেট বিভাগে শিল্প প্রতিষ্ঠানগুলোর তথ্য ডিজিটাল সেন্টারের মাধ্যমে ডাটাবেজে অন্তর্ভুক্তির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। স্কেল-আপ পর্যায় ২ বছরে বাস্তবায়ন শেষে ২০২০ সালে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মাধ্যমে ডাটাবেজটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের মাধ্যমে জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে।
		খ) স্কেল-আপ পর্যায় (অবশিষ্ট ৭ বিভাগ)	২০১৮	২০২০	
০২.	ক্ষুদ্র ও কুটির শিল্পের ই-রেজিস্ট্রেশন কার্যক্রম	ক) ই-রেজিস্ট্রেশন অনলাইন সিস্টেম তৈরী	২০১৮	২০১৯	অনলাইনে শিল্প নিবন্ধন সেবা কার্যক্রমটি এটুআই এর সহায়তায় বিসিক বাস্তবায়ন করছে। শিল্প নিবন্ধনের ক্ষেত্রে ভোগান্তি ও সময়ক্ষেপন হ্রাসের মাধ্যমে সেবাটিকে অধিকতর সেবাবান্ধব করাই এ কার্যক্রমের অন্যতম উদ্দেশ্য। এজন্য অনলাইন নিবন্ধন সিস্টেমটি তৈরির লক্ষ্যে পিপিআর অনুযায়ী স্থানীয় পরামর্শক নিয়োগ কার্যক্রম চলছে। সিস্টেমটি তৈরির পর ঢাকা ও চট্টগ্রাম অঞ্চলে অনলাইন নিবন্ধনের পাইলটিং বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অনুমোদিত কর্ম-পরিকল্পনা অনুসারে সিস্টেম তৈরীর জন্য ১ বছর ও পাইলটিং বাস্তবায়নে ২ বছর সময় নির্দিষ্ট আছে। পরামর্শক নিয়োগ কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে প্রক্রিয়াধীন আছে।
		খ) ই-রেজিস্ট্রেশন পাইলটিং কার্যক্রম	২০২০	২০২১	